দৈনিক ইত্তেফাক

তারিখ ... 16 JAN 1996 ...
পৃষ্ঠা ৮ কলাম ৬

# সরকারী কর্মচারীদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য দরখাস্ত আহ্বান

সরকারী কর্মচারী কল্যাণ পরিদফতর ৩য় ও ৪র্থ শ্রেণীর নন-গেজেটেড সরকারী কর্মচারীদের নিকট হইতে তাহাদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করিয়াছে। কন্টিজেন্সী ও ওয়ার্কচার্জড কর্মচারী যাহারা পাঁচ বছর বা তার বেশী সময় চাকুরী করিতেছেন তাহারাও তাহাদের সন্তানদের জন্য দরখাস্ত করিতে পারিবেন। বৃত্তির জন্য নির্ধারিত আবেদন ফরম সরকারী কর্মচারী কল্যাণ পরিদফতরের প্রধান কার্যালয়, ঢাকা এবং সকল বিভাগীয় কার্যালয় হইতে পাওয়া যাইবে। ফরম যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পূরণ করিয়া আগামী ১৪ মার্চের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে পাঠাইতে হইবে। সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়, বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার মূল নম্বরপত্রের ফটোকপি এবং সম্প্রতি তোলা ছবি গেজেটেড কর্মকর্তা দিয়া সত্যায়িত করিয়া দাখিল করিতে হইবে।

—তথ্য বিবরণী